গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
নিরীক্ষা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ প্রান্তিকের শেষে স্বমুল্যায়ন চূড়ান্তকরণ বিষয়ক নৈতিকতা কমিটির সভা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আফজাল হোসেন
সভার স্থান : ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষ।
তারিখ ও সময় : ১১/০৭/২০২১ খ্রিঃ, সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ: জুম সভার হাজিরা তালিকা সংযুক্ত।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল এর উদ্দেশ্য ও প্রেক্ষাপট তুলে ধরে বলেন প্রতিটি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনায়নের লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের বিভিন্ন সূচকের কাজ সম্পাদন করার জন্য তিনি ৪র্থ প্রান্তিকের শেষে স্বমুল্যায়ন পর্যালোচনা ও অনুমোদন সংক্রান্ত সভায় সবাইকে ধন্যবাদ জানান। ২০২০-২০২১ অর্থ বছরের অভিজ্ঞতা নিয়ে আমাদেরকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মকৌশলকে আরও সুন্দর ও সূচারুভাবে সম্পাদনে অগ্রসর হতে হবে মর্মেও তিনি আহবান জানান । এ বিষয়ে প্রয়োজনীয় কর্মযজ্ঞে সক্রিয় অংশগ্রহণের জন্য সবাইকে আহবান জানানো হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট যুগ্মসচিব জনাব জেহসান ইসলাম ২০২০-২০২১ অর্থবছরে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ও এর আওতাধীন দপ্তর সংস্থার স্বমুল্যায়িত তথ্য সভার অবগতি ও পর্যালোচনার জন্য উপস্থাপন করেন।

০২। ফোকাল পয়েন্ট জনাব জেহসান ইসলাম সভায় জানান যে, বিগত ৩০ জুন ২০২১ তারিখে ৪র্থ প্রান্তিক শেষ হয়েছে। এর মধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার চারটি প্রান্তিকের প্রমাণকের ভিত্তিতে স্ব-মুল্যায়ন করা হয়েছে। দপ্তর/সংস্থার উপস্থাপিত প্রমাণকের ভিত্তিদের তাদের স্ব স্ব মুল্যায়ন এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ফোকাল পয়েন্ট-এর মুল্যায়ন সমন্বয় করে একটি সমন্বিত মুল্যায়ন করা হয়েছে। এর ভিত্তিতে দপ্তর/সংস্থার বিগত অর্থবছরের একটি কর্মমুল্যায়ন সারণি প্রস্তুত করা সম্ভব হয়েছে।

০৩। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে ফোকাল পয়েন্ট জেহসান ইসলাম দপ্তর/সংস্থার সামগ্রিক কর্মমূল্যায়নে প্রাপ্ত নম্বর ও তুলনামূলক অবস্থান তুলে ধরেন যা নিম্নরূপ:

| ক্র:নং | বিভাগ/দপ্তর-সংস্থার নাম | প্রাপ্ত নম্বর | অবস্থান |
|---|---|---|---|
| ১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ৯৪.০০ | - |
| | | | |
| ১ | টেলিটক বাংলাদেশ লিমিটেড | ৯৬.২৫ | প্রথম |
| ২ | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লি: | ৯৫.০০ | দ্বিতীয় |
| ৩ | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লি: | ৯২.০০ | তৃতীয় |
| ৪ | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৯১.৪৫ | চতুর্থ |
| ৫ | বাংলাদেশ টেলিফোন কোম্পানী লি: | ৯১.০০ | পঞ্চম |
| ৬ | বাংলাদেশ ক্যাবল শিল্প লি: | ৭৭.২৫ | ষষ্ঠ |
| ৭ | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড | ৬৪.৪৫ | সপ্তম |
| ৮ | ডাক অধিদপ্তর | ৫৯.৭৫ | অষ্টম |
| ৯ | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | ৫২.৮০ | নবম |

উপস্থাপিত অবস্থানসূচক সারণির তথ্যের উপর সভাপতি মহোদয় যেসব দপ্তর/সংস্থা সন্তোষজনক নম্বর অর্জন করেছেন তাদের ধন্যবাদ জানান এবং যারা ভালো ফলাফল অর্জন করতে পারেননি তাদের বিষয়ে কারণ জানতে চান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৪। বিটিআরসির ভাইস চেয়ারম্যান জানান যে, বিগত বছরে করোনার কারণে বেশকিছু টার্গেট অর্জন করা সম্ভব হয়নি। এছাড়া কিছু আইন ও বিধিমালা বিষয়ক টার্গেট ছিল যা অন্যান্য দপ্তর/সংস্থার উপরও নির্ভরশীল। সামগ্রিকভাবে বেশকিছু টার্গেট অপূর্ণ থাকায় তাদের নম্বর কম হয়েছে। তবে আগামী সময়ে তারা এ বিষয়ে যত্নবান হবেন। সভাপতি মহোদয় এ প্রসঙ্গে বলেন যে, তিনটি কারণে বিটিআরসির ক্ষেত্রে সমস্যা হয়েছে বলে মনে হয়। প্রথমত: কঠিন লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল; দ্বিতীয়ত: মনিটরিং দূর্বল ছিল এবং তৃতীয়: করোনাকালীন কিছু বাধা ছিল। তিনি ভবিষ্যতে বিটিআরসিকে বাস্তবায়নযোগ্য টার্গেট নির্ধারণ ও মনিটরিং শক্তিশালী করার আহবান জানান।

৫। ডাক অধিদপ্তরের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট জানান যে, তারা দায়িত্ব পেয়েছেন অনেক পরে। ১ম, ২য় ও ৩য় প্রান্তিকে যারা দায়িত্ব পালন করেছেন তাদের সময় অনেক বিষয়ই অর্জিত হয়নি। তারা ৪র্থ প্রান্তিকে এসে সর্বোচ্চ চেষ্টা করেছেন ভালো নম্বর পেতে। ফলে বর্তমান নম্বর এসেছে। না হলে আরও খারাপ ফল হতে পারতো। ডাক অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, ১ম, ২য় ও ৩য় প্রান্তিকের সময়কালটা ছিল ডাক অধিদপ্তরের সবচেয়ে টালমাটাল সময়। এ সময় স্বাভাবিকভাবে কার্যক্রম চালানো যায়নি বিধায় শুদ্ধাচার কর্মকৌশলে এর প্রভাব পড়েছে। পরে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট নতুন করে নিয়োগ দেওয়ায় কার্যক্রমে স্বাভাবিক গতি এসেছে। সভাপতি এ পর্যায়ে বলেন যে, ১ম,২য় ও ৩য় প্রান্তিকে যারা দায়িত্বে ছিলেন, তারা সঠিকভাবে দায়িত্ব পালন করেননি বিধায় এ অবস্থার সূত্রপাত হয়েছে। এ বিষয়ে ডাক অধিদপ্তরের মহাপরিচালককে সতর্ক থাকতে এবং কঠোরভাবে মনিটরিং করার পরামর্শ প্রদান করেন ।

৬। টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড ও বাংলাদেশ ক্যাবল শিল্প লি: তাদের কম নম্বর প্রাপ্তির বিষয়ে বলেন যে, তাদের স্বমুল্যায়নে নম্বর আরও বাড়বে। তারা প্রমাণকও দিয়েছেন বলে সভায় জানান। ফোকাল পয়েন্ট বলেন এ বিষয়ে তাদের সঙ্গে আলাপ করা হয়েছে এবং তাদের দূর্বলতা/গ্যাপসমূহ চিহ্নিত করা হয়েছে। সভায় স্ব স্ব সংস্থা তাদের প্রাপ্ত নম্বরের বিস্তারিত মুল্যায়ন প্রকাশের অনুরোধ করলে এটি প্রদান করা হবে মর্মে ফোকাল পয়েন্ট নিশ্চয়তা প্রদান করেন।

৭। বাংলাদেশ টেলিফোন কোম্পানী লি:; টেলিযোগাযোগ অধিদপ্তর; বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লি:; বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লি: এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড তাদের মুল্যায়নে কোথায় কম নম্বর পেয়েছে এটা জানতে চাইলে ফোকাল পয়েন্ট এ বিষয়ে তথ্য উপস্থাপন করেন। দপ্তর/সংস্থা থেকে প্রমাণক দেওয়া হয়েছে জানালে ফোকাল পয়েনন্ট জানান যে, উপস্থাপিত প্রমাণক যথাযথ হতে হবে।

৮। সভাপতি সভার শেষাংশে তার বক্তব্যে বলেন যে, আগের বছরের সঙ্গে এ বছরের একটি তুলনামূলক চিত্র থাকলে দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS)-এ অগ্রগতি হয়েছে নাকি অবনতি হয়েছে তা বোঝা যেত। তিনি নৈতিকতা কমিটির সভায় বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করা এবং সিদ্ধান্তের উপস্থাপনকে সদর্থক/ ইতিবাচক করার পরামর্শ দেন। তিনি আগামী দুই দিনের মধ্যে যথাযথ প্রমাণক উপস্থাপন করলে নম্বর প্রদান করা যেতে পারে বলে মত দেন। তিনি আরও বলেন ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট তৎপর থাকলে পারফরম্যান্স ভালো হয়। তাই এ বিষয়ে তৎপর থাকতে হবে। অভিজ্ঞতার আলোকে দূর্বলতাগুলো দূর করতে হবে। প্রতিদিনের কাজ প্রতিদিনেই শেষ করতে হবে। সর্বোপরি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে কঠোরভাবে।

৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(১) ২০২০-২০২১ অর্থবছরের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর আতওধীন দপ্তর সংস্থার প্রাথমিক স্ব মুল্যায়ন বিষয়ে কিছু কিছু আপত্তি থাকায় ২ দিনের মধ্যে পুনরায় প্রমাণক সরবরাহের সুযোগ দেওয়া হয়।

(২) ২দিনের মধ্যে উপস্থাপিত প্রমাণকের ভিত্তিতে চুড়ান্ত মুল্যায়ন সাপেক্ষে প্রাপ্ত নম্বর ও অবস্থান পুন:নির্ধারণ করা হবে।

(৩) শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন সংক্রান্ত সভায় বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত নিতে হবে এবং সিদ্ধান্তের ক্ষেত্রে সদর্থক/ইতিবাচক উপস্থাপন কৌশল গ্রহণ করতে হবে।

(৪) ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টদের অধিকতর কর্মতৎপর হতে হবে।

(৫) দপ্তর/সংস্থা প্রধানগণ নিবিড়ভাবে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করবেন।

(৬) প্রতিটি টার্গেটের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণ ও আপলোড করতে হবে।

(৭)বিগত বছরের সঙ্গে এ বছরের স্বমুল্যায়নের একটি তুলনামূলক চিত্র পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(৮) আগামী ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নের জন্য প্রথম থেকেই তৎপর থাকতে হবে।

১০। সভার সিদ্ধান্ত অনুযায়ী ২ কর্মদিবসের মধ্যে দপ্তর/সংস্থা তাদের আরও কিছু প্রমাণক দাখিল করায় কার্যক্রম পূনঃমূল্যায়ন করা হয়। পূনঃমুল্যায়নকৃত নম্বর ও অবস্থান নিম্নরূপে উপস্থাপন করা হলো:

| ক্র:নং | বিভাগ/দপ্তর-সংস্থার নাম | প্রাথমিক মুল্যায়ন | | সংশোধিত মুল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| | | প্রাপ্ত নম্বর | অবস্থান | প্রাপ্ত নম্বর | অবস্থান |
| ১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ৯৪.০০ | - | ৯৪.০০ | - |
| | | | | | |
| ১ | টেলিটক বাংলাদেশ লিমিটেড | ৯৬.২৫ | প্রথম | ৯৭.২৫ | প্রথম |
| ২ | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লি: | ৯৫.০০ | দ্বিতীয় | ৯৫.০০ | দ্বিতীয় |
| ৩ | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লি: | ৯২.০০ | তৃতীয় | ৯২.০০ | চতুর্থ |
| ৪ | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৯১.৪৫ | চতুর্থ | ৯১.৪৫ | পঞ্চম |
| ৫ | বাংলাদেশ টেলিফোন কোম্পানী লি: | ৯১.০০ | পঞ্চম | ৯৪.২৫ | তৃতীয় |
| ৬ | বাংলাদেশ ক্যাবল শিল্প লি: | ৭৭.২৫ | ষষ্ঠ | ৭৭.২৫ | ষষ্ঠ |
| ৭ | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড | ৬৪.৪৫ | সপ্তম | ৭১.২০ | সপ্তম |
| ৮ | ডাক অধিদপ্তর | ৫৯.৭৫ | অষ্টম | ৫৯.৭৫ | অষ্টম |
| ৯ | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | ৫২.৮০ | নবম | ৫২.৪০ | নবম |

পূনঃমূল্যায়ন শেষে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন কার্যক্রমে প্রাপ্ত নম্বর ও অবস্থান নিম্নরূপ চুড়ান্ত করা হলো:

| ক্র:নং | বিভাগ/দপ্তর-সংস্থার নাম | সংশোধিত মুল্যায়ন | |
|---|---|---|---|
| | | প্রাপ্ত নম্বর | অবস্থান |
| ১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ৯৪.০০ | - |
| | | | |
| ১ | টেলিটক বাংলাদেশ লিমিটেড | ৯৭.২৫ | প্রথম |
| ২ | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লি: | ৯৫.০০ | দ্বিতীয় |
| ৩ | বাংলাদেশ টেলিফোন কোম্পানী লি: | ৯৪.২৫ | তৃতীয় |
| ৪ | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লি: | ৯২.০০ | চতুর্থ |
| ৫ | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৯১.৪৫ | পঞ্চম |
| ৬ | বাংলাদেশ ক্যাবল শিল্প লি: | ৭৭.২৫ | ষষ্ঠ |
| ৭ | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড | ৭১.২০ | সপ্তম |
| ৮ | ডাক অধিদপ্তর | ৫৯.৭৫ | অষ্টম |
| ৯ | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | ৫২.৪০ | নবম |
| | | | |

১১। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৭/২০২১

(মোঃ আফজাল হোসেন)
সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

C:\Users\MOPT\Desktop # 3

নম্বর ১৪.০০.০০০০.০০০.০৬.০০১.২০.

তারিখ: ১৮/০৭/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩) অতিরিক্ত সচিব (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৪) অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ডাক অধিদপ্তর, জিপিও ঢাকা।
৬) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর।
৭) যুগ্ম-সচিব (তার), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) যুগ্ম-সচিব (প্রশাসন), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।
১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)।
১২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)।
১৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
১৪) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড।
১৫) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, টেলিফোন শিল্প সংস্থা।
১৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১৮) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

(হরিদাস ঠাকুর) ১৮/০৭/২১.
উপসচিব
ও
বিকল্প ফোকাল পয়েন্ট

C:\Users\MOPT\Desktop # 4